# মূল্যায়ন পরীক্ষা-২০২০

## বিষয়: বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল অংশ)

**পূর্ণমান-৭০ অষ্টম শ্রেণি সময়: ২ ঘন্টা ৩০ মিনিট**

**যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও: ১০ × ৭=৭০**

১। বিপুল সর্বদা চেষ্ট করেন এলাকার শান্তি বজায় রেখে সামাজিক পরিবেশ সুন্দর রাখার। তিনি এরাকার সকলের বিভিন্ন বিচারে ন্যায়কে প্রতিষ্ঠা করার চেষ্টা করেন। তিনি কোন পার্থক্য না করে সমাজের সকলের সাথে মিলেমিশে শান্তিতে বসবাস করেন।

ক) বসল সূত্রে বুদ্ধ কী উপদেশ দিয়েছিলেন? ১

খ) কারা ভিক্ষু সঙ্ঘে স্থান পেয়েছিল? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের বিপুলের চরিত্রে তোমার পাঠ্যবইয়ের কোন মহামনবের ইঙ্গিত রয়েছে? তার বর্ণনা কর। ৩

ঘ) বিপুলের এরূপ আচরণ সমাজকে কিভাবে প্রভাবিত করবে বলে তুমি মনে কর। যুক্তি প্রদর্শন কর। ৪

২। বাগান বাড়ি এলাকায় শ্রদ্ধেয় শাসনরক্ষিত ভান্তে এসেছেন। মেথরের ছেলে পাচুর খুব ইচ্চা ঐ সাধকপুরুষের কাছে দীক্ষা গ্রহণ নেবে। কিন্তু সে মেথর বলে তাকে কেউ ঐ ভান্তের কাছে যেতে দিল না। শ্রদ্ধেয় শাসন রক্ষিত ভান্তে কিন্তু পাচুকে দেখেই তার মনের কথা বুঝতে পারলেন এবং তাকে দীক্ষা দিলেন। পাচু খুশি মনে শ্রামণ্য ধর্ম পালন শুরু করল।

ক) গৌতম বুদ্ধ কোথায় জন্মগ্রহণ করেন? ১

খ) মাতঙ্গ কে ছিলেন? ২

গ) উদ্দীপকে পাঠ্যবইয়ের কোন ঘটনার ইঙ্গিত রয়েছে? তার ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত ঘটনার মর্মার্থ বিশ্লেষণ কর। ৪

৩। রূপালী বড়ুয়া বিহারে গিয়ে ত্রিরত্ন বন্দনা পূর্বক ভিক্ষুর নিকট গৃহশীল গ্রহণ করেন। প্রথমত, শ্রদ্ধেয় ভিক্ষু তাকে উদ্দেশ্য করে বলেন, "ভগবানের ধর্ম উত্তমরূপে ব্যাখ্যাত; নিজে দেখার যোগ্য। কালবিহীন, এসে দেখার যোগ্য, নির্বান প্রাপক এবং বিজ্ঞগন কর্তৃক জ্ঞাতব্য। দ্বিতীয়ত, ভিক্ষুসঙ্ঘকে অবহেলা করা উচিত নয়। পারতপক্ষে সঙ্ঘের সেবায় ব্রতী হবেন।

ক) ত্রিরত্ন কী? ১

খ) 'ত্রিরত্ন' বন্দনার গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ) রূপালী বড়ুয়াকে ভিক্ষু প্রথমত কোন গুনের বিষয় স্মরণ করিয়ে দেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ) 'ভিক্ষুসঙ্ঘকে অবহেলা করা উচিত নয়"-এ বক্তব্যের সাথে তুমি কি একমত?-বন্দনার আলোকে যুক্তি প্রদর্শন কর। ৪

৪। স্মিতা প্রতিদিন সন্ধ্যাবেলা ত্রিরত্নের বন্দনা করে। সে মনে করে ত্রিরত্ন বন্দনার ফলে কার মন বাক্য সংযত হয়। যে পালিতে স্বাক্যাতো অগবতো ধম্মো-বিঞঞুহীতি। উচ্চারণর করে বন্দনা করে।

ক) 'অরি' শব্দের অর্থ কী? ১

খ) শ্রেষ্ঠ পুন্যক্ষেত্র বলতে কী বোঝ? ২

গ) উদ্দীপকে পাঠ্য বইয়ের যে পালি বন্দনা গাথার ইঙ্গিত রয়েছে তা লেখ। ৩

ঘ) উক্ত পালি গাথার বাংলা অনুবাদ বিশ্লেষণ কর। ৪

৫। রতন ও রিটন বড়ুয়া দুই ভাই। তাদের বাবা-মা একটি ধর্মীয় অনুষ্ঠানের মাধ্যমে এক সপ্তাহের জন্য প্রব্রজ্যা ধর্ম দীক্ষা নেওয়ার ব্যবস্থা করেন। রতন ভান্তের নির্দেশমত শ্যাম্যনীতি অনুসরণ করার চেষ্টা করেন। অন্যদিকে রিটন শ্রমনাদের নিত্যপালনীয় শীলাদি পালন না করে মোবাইলে নাচ দেখে, গান শুনে এবং বিভিন্ন ধরনের সুগন্ধি ব্যবহার করতে থাকে।

ক) ধর্ম চর্চার মূলভিত্তি কী? ১

খ) কীভাবে শীলবান হওয়া যায়? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে রিটন বড়ুয়ার আচরণ কোন কোন শীলের নীতি বিরোধী? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে রতন বড়ুয়ার আচরণে ইহকাল ও পরকালে কী কী সুফল লাভ করবে তা বিশ্লেষণ কর। ৪

৬। 'ক' অষ্টম শ্রেণির ছাত্র। সে সর্বদা সৎপথে চলার চেষ্টা করে। সে কায়িক, বাচনিক ও মানসিক দিক দিয়ে সংযত পরিশীলিত আচরণের অধিকারী। সবাই মনে করে সে একদিন অনেক বড় হবে এবং দেশের মঙ্গলজনক কাজে এগিয়ে আসবে।

ক) শীল শব্দের অর্থ কী? ১

খ) মাদকদ্রব্য আমাদের কী ক্ষতি করে? ২

গ) উদ্দীপকে তোমার পাঠ্য বইয়ের কোন বিষয়ের ইঙ্গিত রয়েছে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত বিষয় পালন না করলে তুমি কেমন ফল ভোগ করবে? বিশ্লেষণ কর। ৪

৭। নির্মল বড়ুয়া দানশীল এবং শীলবান ব্যক্তি। তিনি এলাকার উপাসক-উপাসিকাদের নিয়ে মার্গলাভী ভিক্ষুকে দান দেওয়ার উদ্দেশ্যে রাঙ্গামাটি বিহারে রওয়ানা হন। সেখানে তিনি উপযুক্ত পাত্রে উৎকৃষ্ট দান দিয়ে দানকার্য সম্পন্ন করেন।

ক) দানীয় বস্তু কত প্রকার? ১

খ) অসদুপায়ে লব্ধ টাকা পয়সা দান করা উচিত নয় কেন? ২

গ) উদ্দীপকে নির্মল বড়ুয়ার দানের মধ্যে দানীয় বস্তুর কোন সম্পত্তির উল্লেখ রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত দান কার্যটি ধর্মীয় জীবন গঠনে কীভাবে প্রভাব ফেলে? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। শ্যামল বাবু একজন ব্যাংকের কর্মকর্তা। তিনি সিদ্ধান্ত নিলেন, ঈদের ছুটিতে গ্রামের বাড়িতে গিয়ে পরলোকগত জ্ঞাতিগণের উদ্দেশ্যে সজ্ঞদান ও অষ্ঠ পরিষ্কার দান করবেন। পরবর্তীতে তিনি উদার মনে দানকার্য সুসম্পন্ন করতে পেরে খুবই আনন্দিত হলেন।

ক) দান কী? ১

খ) প্রত্যেক দান অনুশীলন করা উচিত কেন? ২

গ) শ্যামল বাবুর দানের বিষয়টি কোন ক্ষেত্রে বিবেচ্য? ব্যাখ্যা কর। ৩

ঘ) ব্যক্তি ও সমাজ জীবনে উক্ত দানের প্রভাব মূল্যায়ন কর। ৪

৯। দৃশ্যকল্প-১; সাজু একজন ভালো ফুটবলার। এজন্য তার মনের মধ্যে অহংবোধ কাজ করে। সে খেলতে গিয়ে নানা সমস্যার সৃষ্টি করে। এমতাবস্থায় সকলে মিলে তাকে খেলা থেকে বাদ দেয়।
দৃশ্যকল্প-২; রাজু বড়ুয়া প্রতিষ্ঠিত ব্যবসায়ী। সন্তানেরা প্রাপ্ত বয়স্ক হওয়ায় তিনি বিষয়-সম্পত্তি তাদের মধ্যে ভাগ করে দেয়ার ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু সন্তানেরা বিয়ষটিকে কেন্দ্র করে পারিবারিকভাবে বিরোধে জড়িয়ে পড়ে।

ক) বুদ্ধ কীভাবে ধর্মোপাদেশ দেন। ১
খ) মানুষের জয় হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ) দৃশ্যকল্প-১; এ বর্ণিত ঘটনাটি কোন সূত্রের ইঙ্গিত বহণ করে? ৩
ঘ) দৃশ্যকল্প-২; এ বর্ণিত রাজু সন্তানদের কর্মকান্ডে যে সূত্রের প্রতিফলণ ঘটেছে তা বিশ্লেষণ কর। ৪

১০। ‘ক’ বড়ুয়া একজন মেধাবী ছাত্র। তার চাচা তাকে একটি মোবাইল ফোন কিনে দেয়। অতিরিক্ত মোবাইল ফোন ব্যবহারে অভ্যস্থ হওয়ায় সে শারীরিক ও মানসিক ক্ষতিগ্রস্থ হয়। পরবর্তীতে সে উদ্যমহীন হয়ে পড়ে। যার কারণে তার পতন হয়।

ক) স্পর্শের কারণ হতে কী সৃষ্টি হয়? ১
খ) জ্ঞানী ব্যক্তিরা বাসনা ক্ষয় করেন কেন? ২
গ) ‘ক’ বড়ুয়ার কর্মকান্ডে কোন সূত্রের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত সূত্রের শিক্ষা মানুষের নৈতিক জীবন গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে-উক্তিটির যথার্থতা ব্যাখ্যা কর। ৪